107

দৈনিক খবর
05 OCT 1994
তারিখ ০৫ OCT 1994
পৃষ্ঠা ১ কলাম ৩

### ছাত্র—শ্রমিক অপ্রীতিকর ঘটনার জের

# সুনামগঞ্জে মাদ্রাসায় ভাঙচুর লুটতরাজ ও অগ্নিসংযোগ

সিলেট অফিস থেকে ঃ সুনামগঞ্জ সড়কে গত বুধবার কয়েকজন মাদ্রাসার ছাত্র ও পরিবহণ শ্রমিকদের. মধ্যে সংঘটিত অপ্রীতিকর ঘটনার জের ধরে গত বৃহস্পতিবার বিশ্বনাথ উপজেলার

২—এর পাতায় দেখুন



বিশ্বনাথ সংপুর আলিয়া মাদ্রাসায় অগ্নিসংযোগের ফলে ভস্মীভূত অধ্যক্ষের কার্যালয় —খবরফ্যাক্স

## সুনামগঞ্জে মাদ্রাসায়

প্রথম পৃষ্ঠার পর

সংপুর দারুল হাদিস আলীয়া মাদ্রাসায় ভাঙচুর, লুটতরাজ ও অগ্নিসংযোগের ঘটনা ঘটে। মাদ্রাসা কর্তৃপক্ষ ও এলাকাবাসী ঘটনার জন্য পরিবহণ শ্রমিকদের দায়ী করেছেন। পরিবহণ শ্রমিকরা এই অভিযোগ অস্বীকার করে তাদের একজন ড্রাইভার ও হেলপার অপহরণ করা হয়েছে বলে অভিযোগ করেছে। ঘটনায় মাদ্রাসার ছাত্রসহ প্রায় ২০ জন আহত হয়েছে।

ঘটনার খবর পেয়ে জেলা প্রশাসক মোঃ ইসহাক ভূইয়া ও পুলিশ সুপার চৌধুরী এহসানুল কবীর ঘটনাস্থল পরিদর্শন করেছেন। সংপুর মাদ্রাসা এলাকায় দাঙ্গা-পুলিশ মোতায়েন করা হয়েছে। মাদ্রাসা কর্তৃপক্ষের পক্ষ থেকে বিশ্বনাথ থানায় একটি মামলা দায়ের করা হয়েছে বলে জানা গেছে।

সিলেট-সুনামগঞ্জ সড়কে পরিবহণ শ্রমিকদের আহূত ধর্মঘটের আজ প্রথমদিন অতিবাহিত হয়েছে। ফলে সুনামগঞ্জ-সিলেট- ছাতক লাইনে যাত্রী ও মাল পরিবহণে মারাত্মক অসুবিধার সৃষ্টি হয়েছে।

সুনামগঞ্জ হতে সিলেটে মাছ পৌঁছতে না পারায় মাছের তীব্র সংকট দেখা দিয়েছে। পরিবহণ শ্রমিকরা শনিবার বেলা ১১টায় শহরের আদালত মোড়ে এবং প্রতিবাদ সভা আহবান করেছে।

এদিকে গতকাল শুক্রবার সন্ধ্যা ৭টায় স্থানীয় সিলেট প্রেসক্লাবে সংপুর মাদ্রাসার পক্ষ থেকে এক সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয়। সম্মেলনে অভিযোগ করে বলা হয়, পরিবহণ শ্রমিকের প্রায় ৩/৪শ' লোক মাদ্রাসায় হামলা, অগ্নিসংযোগ করে ২ কোটি ২৫ লাখ টাকার ক্ষতিসাধন করে। এতে আরও বলা হয়, মাদ্রাসার ৬ জন ছাত্র এখনও নিখোঁজ রয়েছে এবং আবদুল হান্নান নামের একজন ছাত্র গুরুতর আহত অবস্থায় ওসমানী হাসপাতালে মৃত্যুর সাথে পাঞ্জা লড়ছে। সাংবাদিক সম্মেলনে শনিবার অপরাহ্নে কোর্ট পয়েন্টে মাদ্রাসার পক্ষ হতে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা ও জেলা প্রশাসকের নিকট স্মারকলিপি প্রদানের কর্মসূচী ঘোষণা করা হয়। এ রিপোর্ট লেখা পর্যন্ত সিলেট শহর ও সংপুর মাদ্রাসা এলাকায় চরম উত্তেজনা বিরাজ করছে। আম্বরখানা বাসস্ট্যান্ডসহ সংপুর মাদ্রাসা এলাকায় পুলিশ টহল জোরদার করা হয়েছে।